তারিখ ... 28 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

### জাতীয় স্কুল ক্রিকেটে

# চ্যাম্পিয়ন টাঙ্গাইল স্কুল এ্যান্ড কলেজ

স্পোর্টস রিপোর্টার ॥ প্রাইম ব্যাংক ইয়াং টাইগার্স জাতীয় স্কুল ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছে টাঙ্গাইল স্কুল এ্যান্ড কলেজ। সোমবার মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনালে দিনাজপুর হাই স্কুলকে ৩. উইকেটে পরাজিত করে শিরোপা জেতে তারা।

টস জিতে ব্যাটিংয়ে নেমে ৪৭.৪ ওভারে ১৩৩ রানে অলআউট হয় দিনাজপুর হাই স্কুল। দলের পক্ষে সর্বোচ্চ ৩২ রান করেন সজিব কামাল। ২৮ রান আসে মাইনুল ইসলামের ব্যাট থেকে। সুমন মিয়া ও রিফাত হাসান তিনটি করে উইকেট নেন। ১৩৪ রানের লক্ষ্য তাড়া করতে গিয়ে ৯৫ রানে সাত উইকেট হারিয়ে বসে টাঙ্গাইল স্কুল এ্যান্ড কলেজ। সেখান থেকে রিফাত হাসান ও অন্তর ইসলাম অবিচ্ছিন্ন ৪২ রানের জুটি গড়ে ইনিংসের ১১ বল বাকি থাকতে জয় নিশ্চিত করেন। রিফাত ৪৪ ও অন্তর ইসলাম ২৪ রানে অপরাজিত থাকেন। রেজওয়ান হোসেন ও রূপম নন্দী দুটি করে উইকেট নেন। অলরাউন্ড নৈপুন্য দেখিয়ে ম্যান অব দ্য ফাইনাল হয়েছেন রিফাত। পুরস্কার হিসেবে চ্যাম্পিয়ন দলকে ট্রফি ও ৫০ হাজার টাকার স্মারক চেক প্রদান করা হয়। রানার্সআপ দল ট্রফির সঙ্গে পেয়েছে ২৫ হাজার টাকার স্মারক চেক। প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সহ-সভাপতি মাহবুবুল আনাম ও বিশেষ অতিথি হিসেবে প্রাইম ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আহমেদ কামাল খান চৌধুরী উপস্থিত থেকে খেলোয়াড়দের মাঝে পুরষ্কার বিতরণ করেন।

এবারের টুর্নামেন্টে অংশ নেয় দেশের ৫৩৪ স্কুলের ১০, ৮০০ ক্রিকেটার। চার মাসে দেশের বিভিন্ন ভেন্যুতে সর্বমোট ৯৬৫ ম্যাচ অনুষ্ঠিত হয়।